গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাটোর সদর, নাটোর ।

স্মারক সংখ্যা ঃ ০৫.৪৩.৬৯৬৩.০০০.৪০.০০১.১৬-৫৭(২০)

তারিখ ০৩ ফাল্গুন ১৪২৪
১৫ ফেব্রুয়ারি,২০১৮

**ঃ জলমহাল ইজারা বিজ্ঞপ্তি ঃ**

এতদ্বারা প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি সংগঠণ/সমিতির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নাটোর সদর উপজেলার ইজারাযোগ্য ২০ (কুড়ি) একর পর্যন্ত আয়তন বিশিষ্ট নিম্নবর্নিত বদ্ধ খাস জলমহালসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ মোতাবেক আগামী ০৩ ( তিন) বছর অর্থাৎ ১৪২৫ - ১৪২৭ বঙ্গাব্দ মেয়াদে ইজারাপ্রদানের লক্ষ্যে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতির নিকট থেকে (যেখানে যা প্রযোজ্য) শর্ত স্বাপেক্ষে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

নিম্ন লিখিত তারিখ ও সময়ে আবেদন পত্র বিক্রয়/গ্রহণ করা হবে।

| ১ম পর্যায়ে আবেদন পত্র ক্রয় ও দাখিলের তারিখ ও সময় | | ২য় পর্যায়ে আবেদন পত্র ক্রয় ও দাখিলের তারিখ ও সময় | | ৩য় পর্যায়ে আবেদন পত্র ক্রয় ও দাখিলের তারিখ ও সময় | |
|---|---|---|---|---|---|
| আবেদন ক্রয়ের তারিখ | দাখিলের তারিথ ও সময় | আবেদন ক্রয়ের তারিখ | দাখিলের তারিথ ও সময় | আবেদন ক্রয়ের তারিখ | দাখিলের তারিথ ও সময় |
| ২৭/০২/২০১৮ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ০১/০৩/২০১৮ দুপুর ১.০০ টা পর্যন্ত | ১৩/০৩/২০১৮ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১৫/০৩/২০১৮ দুপুর ১.০০ টা পর্যন্ত | ২২/০৩/২০১৮ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২৫/০৩/২০১৮ দুপুর ১.০০ টা পর্যন্ত |

**ইজারাযোগ্য জলমহালের তালিকা ঃ**

| ক্রঃ নং | ইজারাযোগ্য জলমহালের নাম | তপশিল | | জলমহালের আয়তন (একরে) | বিগত তিন বছরের ইজারা মূল্য | সরকারি মূল্য | ইজারার মেয়াদ |
|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজা | দাগ নম্বর | | | | |
| ০১ | ফরিদপুর জোসাই দিঘি | ফরিদপুর | ৩৫৩ | ৪.৪৮ | ১,২০,০০০/- | ১,২৬,০০০/- | বাংলা ১৪২৫ হতে ১৪২৭ পর্যন্ত |
| ০২ | ফরিদপুর বর্ণ | ফরিদপুর বর্ণ | ৩৬৭ | ১.৮৮ | ১২,০০০/- | ১২,৬০০০/- | -ঐ- |
| ০৩ | গোকুরপুর মৌজা পুকুর | গোকুলপুর | ৯৯ | ১.৯৬ কাত০.৬২ | ১২,০০০/- | ১২,৬০০/- | -ঐ- |
| ০৪ | বিষ্ণুপুর মৌজা পুকুর | বিষ্ণুপুর | ২৮ | ১.১৪ | ১৫,০০০/- | ১৫,৭৫০/- | -ঐ- |
| ০৫ | গাংগইল মৌজা পুকুর | গাংগইল | ৮৮৮ | ০.২৩ | ৩,০০০/- | ৩,১৫০/- | -ঐ- |
| ০৬ | গাংগইল মৌজা পুকুর | গাংগইল | ৮৪২ | ০.৬০ | ১০,৫০০/- | ১১,০২৫/- | -ঐ- |
| ০৭ | বদলখাল মৌজা পুকুর | বলদখাল | ৪২৫৪ | ০.৭৭ | ৬,০০০/- | ৬,৩০০/- | -ঐ- |
| ০৮ | গোয়ালদিঘি মৌজা পুকুর | গোয়ালদিঘি | ২৮১ | ১.৮২ | ৬,০০০/- | ৬,৩০০/- | -ঐ- |
| ০৯ | ধলাট মৌজা পুকুর | ধলাট | ১০৬৭ | ১.১০ | ১৫,০০০/- | ১৫,৭৫০/- | -ঐ- |
| ১০ | ধলাট্ মৌজা পুকুর | ধলাট | ১১১২ | ০.৯৬ | ১৮,০০০/- | ১৮,৯০০/- | -ঐ- |
| ১১ | সুলতান মৌজা পুকুর | আওরাইল | ১৫০৮ | ০.৪১ | ৬,০০০/- | ৬,৩০০/- | -ঐ- |
| ১২ | পিরজীপাড়া মৌজা পুকুর | পিরজীপাড়া | ২৬৮১ | ০.৯৭ | ৭৫০০/- | ৭৮৭৫/- | -ঐ- |

১৫/02/১৮

মোছাঃ জেসমিন আকতার বানু
উপজেলা নিবাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যস্থাপনা কমিটি
নাটোর সদর, নাটোর

শর্তাবলীঃ-

১। নিদিষ্ট জলমহাল নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবিদের সমিতি যা সমবায় অধিদপ্তরের নিবন্ধিত সে সমিতি বা সমিতি সমূহ নিদিষ্ট বা তীরবতী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে। উক্ত সমিতিতে যদি প্রকৃত মৎস্যজীবি নন এমন কোন সদস্য থাকেন বা কাযনির্বাহী কমিটিতে কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নন, তা হলে উক্ত সমিতি আবেদন করার যোগ্য হবে না।

২। প্রকৃত মৎস্যজীবী সমিতি যা সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত, যেখানে প্রকৃত মৎসজীবি ছাড়া অন্য কোন সদস্য নেই, তারাও আবেদনে অংশ গ্রহণের জন্য উপযুক্ত বিবেচিত হবেন।

৩। কোন ব্যাক্তি বা অনিবন্ধিত সংগঠন/সমিতি সরকারী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবেন না।

৪। জলমহালের নিকটবর্তী/ তীরবর্তী নিবন্ধিত স্থানীয় প্রকৃত মৎস্যজীবী সংগঠন/ সমিতি প্রয়োজনীয় যোগ্যতা স্বাপেক্ষে বন্দোবস্তের ক্ষেত্রে অগ্রধিকার পাবে। যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবী সংগঠন পাওয়া না যায় সেক্ষেত্রে অন্যান্য পাশ্ববর্তী উপজেলা/জেলা মৎস্যজীবী সংগঠন/ সমিতিকে জলমহাল বন্দোবস্ত প্রদানের বিষয় বিবেচনা করা যবে।

০৫। জেলা প্রশাসক, নাটোর মহোদয় কাযলয় / উপজেলা নির্বাহী অফিসার, নটোর সদর এর কার্যালয় হতে এ বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখ সমূহের মধ্যে অফিস চলাকালীন সময়ে উপজেলা নির্বাহী অফিসারে, নাটোর সদর এর অনুকূলে ৫০০/- (পাঁচশত)টাকা (অফেরৎ যোগ্য) মূল্যমানের প্রে -অডার / ব্যাংক ড্রাফট (যে কোন তপশীল ব্যাংক হতে) দাখিল সাপেক্ষে আবেদেন ফরম ক্রয় করা যাবে। আবেদন ফরম জেলা প্রশসক, নাটোর মহোদয়/ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে বিজ্ঞপ্তিতে বর্ণিত নিধারিত সময়ের মধ্যে দাখিল করতে হবে।

৬। আবেদনকারী সমবায় সমিতি বা অন্য কোন সমিতি বতমানে কার্যকর আছে তার প্রমাণ স্বরুপ জেলা বা উপজেলা সমবায় কমকর্তা প্রদত্ত প্রত্যায়ন প্রত্র এবং বিগত ০২ (দুই) বছরের অডিট রিপোট দাখিল করবেন। তবে নতুন নিবন্ধিত মৎস্যজীবী সমবায়/ সমিতির ক্ষেত্রে এ ধরণের প্রমাণের দরকার হবে না।

৭। আবেদনকারী সংগঠন / সমিতি নিধারিত ফরমে আবেদন পত্র দাখিলের সময় তাদের সদস্যগনের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করবেন।

০৮। অগ্রহী প্রকৃত মৎস্যজীবী সংগঠন/ সমিতিকে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভাপতি /সদস্য সচিবের সীল সম্বলিত স্বাক্ষরযুক্ত নির্দিষ্ট ফরম সংগ্রহ করে আবেদন করতে হবে।আবেদন পত্রের সাথে সংঠন/সমিতির নিবাচিত কমিটির গঠনতন্ত্রের কপি ব্যাংক একাউন্ট ও লেনদেন সংক্রান্ত প্রত্যয়ন পত্রসহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে । এছাড়া সংশিষ্ট মৎস্যজিবি সংগঠন /সমিতিকে ০৩(তিন) বছর মেয়াদী লিজ পাওয়ার লক্ষে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থপনা পরিকল্পনা/রুপরখা সংযুক্ত করতে হবে । আবেদন অসম্পন্ন বা বাতিল বলে গন্য হবে।

৯ । আবেদন কারী মৎস্যজীবি সংগঠন/ সমিতি কোন জঙ্গী সম্পৃক্ততা থাকলে এবং পূর্বে কোন জলমহালের ইজারা মুল্যের পরিশোধের খেলাপি হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সাটিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে মামলা থাকলে উক্ত সংগঠন/সমিতি জলমহাল বন্দোবস্ত পাওয়ার যোগ্য হবে না ।

১০ । কোন মৎস্যজীবি সমিতি পাওয়া না গেলে সমাজভিত্তিক মৎস্য চাষ ব্যবস্থাপনার অনুকরণের কেবল সংশ্লিষ্ঠ পুকুর/জলমহালের চার পার্শ্বের নিকটবর্তী অবস্থানের বসবাসরত বেকার যুবক/মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান/যুব মহিলা/বিধবা ও স্বামী পরিত্যাক্তা/আনছার ও ভিডিপি ও গ্রাম পুলিশ সদস্য/দরিদ্র ও অসচ্ছল ব্যাক্তি গনের সমম্বয়ে এ উদ্দেশ্যে গঠিত সমবায় অধিদপ্তর কিংবা সমাজসবো অধিদপ্তরের স্থায়ী অফিসের নিবন্ধিত একক সমিতিকে সংশ্লিষ্ঠ জলমহাল/পুকুর ০৩ (তিন) বছর মেয়াদি ইজারা প্রদান করা হবে ।

১১। বিজ্ঞপ্তিতে অন্তর্ভূক্ত সংশ্লিষ্ট জলমহালের ইজারা মুল্যের উপর ২০% অর্থ প্রে-অডার/ ব্যাংক ড্রাফট এর মাধ্যমে এবং জামানত হিসাবে উপজেলা নির্বাহী অফিসার, নাটোর সদর, নাটোর এর অনুকূলে আবেদনের সাথে দাখিল করতে হবে । লিজ প্রাপ্ত সমিতির জামানতের অর্থ ইজারা মুল্যের সাথে সমস্বয় করা হবে । লিজ প্রাপ্ত হয়নি এমন সমিতির পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ফেরত প্রদান করা হবে।

১২। কোন নিদিষ্ট জলমহালের বিপরিতে এক বা একাধিক সমিতি/সংগঠন আবেদন করলে এবং সরকারী জলমহাল ব্যবস্থাপনার নীতিমালা ২০০৯ এর যাবতীয় শর্তের আলোকে উপযুক্ত বিবেচিত হলে উপজেলা জমহামল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক আলোচনার মাধ্যমে একটি নিবন্ধিত প্রকৃত মৎস্যজী সমিতিকে সংশ্লিষ্ট জমহমাল ইজারা/বন্তোবস্ত প্রদান করা হবে।

১৩। সময়মত লীজমানি পরিশোধ না করা,তথ্য গোপন করা, কিংবা অন্য কোন অনিয়মের কারণে কোন জমহমাল লীজ বাতিল হলে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি উক্ত জলমহাল পুনরায় যথানিয়মে লীজ প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন।

১৪। বন্তোবস্ত গৃহীতা সংশ্লিষ্ট জলমহালের বছর ভিত্তিক উন্নয়ন কার্যক্রম সম্বলিত তথ্য উপজেলা নির্বাহী অফিসারের অবগতির জন্য পেশ করবেন, যা সংশ্লিষ্ট কর্তপক্ষ সরেজমিনে পরিদর্শন/যাচাই করবেন। কোন অনিয়ম পরিলক্ষিত হলে আইন/বিধিগত ব্যবস্থা গ্রহণ করবেন।

১৫। লীজ গ্রহীতা কোন সৎস্যজীবি সংগঠন/সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাব-লীজ অথবা অন্য কোন ব্যাক্তি বা গোষ্ঠিকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে থাকে তাহলে উক্ত লীজ বাতিল করা হবে।জমাকৃত লীজমানি সরকারের অনুকুলে বাজেয়াপ্ত হবে।উক্ত লীজ গৃহীতা মৎস্যজীবি সংগঠন/সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।

১৬। ইজারার মেয়াদ শেষ হলে মাছ সংগ্রহের জন্য অতিরিক্ত কোন সময় মঞ্জুর করা হবে না।

১৭। কোন সৎস্যজীবি সংগঠন / সমিতি দুইটির অধিক জলমহাল বন্দোবস্ত পাবে না।

১৮। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি/জেলা প্রশাসক/বিভাগীয় কমিশনারের সিদ্ধান্তের প্রেক্ষিতে বন্দোবস্তপ্রাপ্ত প্রকৃত সৎসজীতি/সংগঠনকে ০৩(তিন) বছরের সমূদয় রাজস্ব ও অন্যান্য কর সিদ্ধান্ত প্রদানের ১৫(পনের) কর্মদিবসের মধ্যে পরিশোধ করতে হবে। সম্পর্ন টাকা পরিশোধের পর বন্দোবস্ত গৃহীতা লীজ চুক্তিপত্র সম্পাদনক্রমে জলমহালের দখল বুঝে নিবেন।

১৯। জলমহাল ইজারার মেয়াদ ১লা বৈশাখ থেকে শুরু হবে এবং বছরের যেকোন সময়ে জলমহাল ইজারা গ্রহণ করলেও ইজারার মেয়াদ উক্ত বছরের ১লা বৈশাখ খেকেই কার্যকর হবে এবং একই বছরের ৩০শে চৈত্র তারিখে শেষ হবে। এসময়ের মধ্যে যদি কোন কারণে খাস কলেকশন করা হবে তা সরকারী খাতে জমা হবে। ইজারা প্রাপ্ত সমিতি/সংগঠন খাস কালেকশনের অর্থ পাবে না।

২০। ১ম পর্যায়ে কোন জলমহাল ইজারা না হলে ২য় পর্য়ায়ে এবং ২য় পর্যায়ে ইজারা না হলে ৩য় পর্যায়ে আবেদন গ্রহণ করা হবে

২১ । ইজারা মূল্যের উপর সরকারের নির্ধারিত হারে ভ্যাট ও আয়কর লীজমানীর সাথে একত্রে প্রদান করতেহবে।

২২। সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এ বর্নিত অন্যান্য শর্ত্যবলী এবং সরকার কর্তৃক সময়ে জারীকৃত বিধি বিধান ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবে।

২৩। জলমহাল ও জলমহালের ইজারা সংক্রান্ত অন্যান্য শর্তাদিসহ যে কোন বিষয় অত্রাফিস হতে জানা যাবে।

২৪। কোন মিথ্যা / ভূয়া তথ্য দাখিল করলে আবেদন বাতিল হবে।

২৫। ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ যে কোন আবেদন পত্র গ্রহণ বা সকল আবেদনপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং ইজারা বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

মোছাঃ জেসমিন আকতার বানু
উপজেলা নিবাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যস্থাপনা কমিটি
নাটোর সদর, নাটোর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাটোর সদর, নাটোর ।

স্মারক সংখ্যা ঃ ০৫.৪৩.৬৯৬৩.০০০.৪০.০০১.১৬-৫৮(২০)

তারিখ ঃ ০৩ ফাল্গুন ১৪২৪
১৫ ফেব্রুয়ারি,২০১৮

অনুলিপি সদয় জ্ঞার্তার্থে ঃ

০১। মাননীয় সংসদ সদস্য ৫৯, নাটোর - ২ ।
০২। কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী ।
০৩। জেলা প্রশাসক, নাটোর ।
০৪। চেয়ারম্যন, উপজেলা পরিষদ, নাটোর সদর, নাটোর ।
০৫। অতিরিক্ত জেলা প্রশাসক ( রাজস্ব), নাটোর ।

অনুলিপি অবগতি ও বহুল প্রচারের অনুরোধসহ প্রেরণ করা হলো ঃ

০৬। সহকারী কমিশনার (ভূমি), নাটোর সদর, নাটোর ।
০৭। উপজেলা ............................অফিসার, নাটোর সদর,নাটোর ।
০৮। চেয়ারম্যান ........................ইউপি (সকল), নাটোর সদর, নাটোর ।
০৯। বিজ্ঞাপন ম্যানেজার,-------------------------------------------------- উল্লেখিত বিজ্ঞাপনটি সাপ্তাহিক ছুটির দিন বাদে আগামী ......................তারিখের মধ্যে সিংগ্যাল স্পেসে স্বল্প পরিসরে এক সংখ্যায় প্রকাশ পূর্বক ০২ (দুই) কপি পেপার কাটিং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো ।
১০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ..............................ইউপি ভূমি অফিস, নাটোর সদর, নাটোর।
১১। সভাপতি / সম্পাদক, ......................................মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ , নাটোর ।
১২। জনাব.................................................................................................................
১৩। নোটিশ বোর্ড ।
১৪। অফিস কপি ।

১৫/০২/১৮

মোছাঃ জেসমিন আকতার বানু
উপজেলা নিবাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যস্থাপনা কমিটি
নাটোর সদর, নাটোর